

## বিশ্ব পরিবেশ দিবস

বৃক্ষরোপণ, বাজার  
সাফাই ইকফাই'র

আগরতলা, ৫ জুন :

প্রাত্যহিক জীবনের প্রতিটি মুহূর্তে পরিবেশ নির্মল ও সবুজ রাখা এবং প্লাষ্টিক বর্জন করার সংঘবন্ধ শপথ নিল ইকফাই বিশ্ববিদ্যালয়ের সমস্ত স্তরের শিক্ষক-অশিক্ষক কর্মচারীবৃন্দ এবং কামালঘাটের বাসিন্দাগণ। বিশ্ব পরিবেশ দিবস উদযাপনের অঙ্গ হিসাবে বিশ্ববিদ্যালয়ের কর্মচারীবৃন্দ এবং কামালঘাট এলাকার নাগরিকবৃন্দ সোমবার সকালে একটি আবেদনমূলক মিছিল বের করেন। বাংলা ও কক্ষবরকে ‘পরিবেশ নির্মল ও সবুজ রাখুন’ এবং ‘প্লাষ্টিক বর্জন করুন’ বার্তাবাহক ব্যানার লাগিয়ে মিছিলটি কামালঘাট দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে যায়।

সেখানে গিয়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-অশিক্ষক কর্মচারীরা কোদাল, ঝাঁড় ও টুকরী হাতে নিয়ে সাফাই অভিযান শুরু করেন। প্রায় এক ঘণ্টার অভিযানে বিদ্যালয় চতুর, সেখানকার স্তুপীকৃত আবর্জনা, সংলগ্ন নর্দমা এবং আশপাশের এলাকা পরিষ্কার করা হয়। পাশাপাশি বিদ্যালয়ের প্রার্থনাসভায় উপস্থিত পড়ুয়াদের উদ্দেশ্যে পরিবেশ স্বচ্ছ ও সবুজ রাখার আহ্বান জানানো হয়।

বিদ্যালয়ের অভিযান শেষে মিছিলটি কামালঘাট বাজারে যায়। সেখানে বাজার কমিটির সহযোগিতায় বাজারের আবর্জনা পরিষ্কার করা হয় এবং প্লাষ্টিক বর্জন করার জন্য ব্যবসায়ীদের প্রতি অনুরোধ জানানো হয়। পরে কামালঘাট বাজারে আয়োজিত এক সচেতনতামূলক পথসভায় প্লাষ্টিক বর্জন করার জন্য ক্রেতা-বিক্রেতাদের প্রতি আহ্বান রাখা হয়।

মঙ্গলবার বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষ্যে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিশেষ বৃক্ষরোপণ কর্মসূচী পালিত হয়। পরিবেশ নির্মল ও দূষণমুক্ত রাখার আনুষ্ঠানিক শপথ নিয়ে শিক্ষক-অশিক্ষক কর্মচারীদের প্রত্যেকে একটি বৃক্ষরোপণ করেন। ‘বিভিন্ন ধরণের কয়েকশ’ চারা বিনামূল্যে সরবরাহ করে এই মহত্তী কাজে সাহায্যের হাত প্রসারিত করেছেন সদর সামাজিক বনায়ণ প্রকল্পের রেঞ্জার সঞ্চয় মজুমদার।

এদিকে, আজ বিকালে পূর্ব নির্ধারিত সূচী অনুযায়ী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস পরিদর্শন করেন রাজ্য সরকারের দক্ষতা উন্নয়ন দপ্তরের অধিকর্তা তথা আইএফএস অফিসার এস প্রতু। পরিদর্শনকালে তিনি ক্যাম্পাসে একটি বৃক্ষরোপণ করেন।

\*\*\*\*\*